যুগান্তর

তারিখ : 01 MAR 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৫ ৬

# শিক্ষিকা লাঞ্ছনাকারীর বহিষ্কার দাবিতে জবিতে বিক্ষোভ

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা লাঞ্ছনাকারী ছাত্রলীগ নেতা আরজ মিয়াকে অবিলম্বে গ্রেফতার ও স্থায়ী বহিষ্কারের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। একই দাবিতে তারা বিশ্ববিদ্যালয়ের ভিসি বরাবর স্মারকলিপিও প্রদান করেছেন। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে ক্যাম্পাসে শিক্ষার্থীরা এসব কর্মসূচি পালন করেন। লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী মাহিদুল ইসলামের পরিচালনায় সমাবেশে বক্তারা বলেন, শিক্ষিকাকে লাঞ্ছিত করার ৫ দিন অতিবাহিত হলেও আরজকে পুলিশ গ্রেফতার করেনি। তাছাড়া তাকে বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কারও করা হয়নি। এ সময় শিক্ষার্থীরা দাবি আদায়ে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। এরপর শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান বরাবর স্মারকলিপি প্রদান করেন।